



বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়
VIDYASAGAR UNIVERSITY

Question Paper

B.A. Honours Examinations 2022

(Under CBCS Pattern)

Semester - II

Subject : BENGALI

Paper : C 3 - T

[প্রাচীন ও মধ্যযুগের পদপথ]

Full Marks : 60

Time : 3 Hours

Candidates are required to give their answers in their own words as far as practicable.

The figures in the margin indicate full marks.

বিভাগ - ক

যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

২×৫=১০

- ১। 'সোনে ভরিতী করুণা নাবী'—পদটি কার, কত সংখ্যক পদ? ১+১
- ২। মুনিদত্তের 'নির্মলগিরা'য় চর্যাপদের ১নং পদটি কী নামে উল্লিখিত? পদটিতে কোন্ রাগের উল্লেখ আছে? ১+১
- ৩। 'দুলি দুহি পিটা ধরণ ন জাই?'—কত সংখ্যক পদ? 'দুলি' ও 'দুহি' শব্দ দুটির অর্থ লেখো। ২
- ৪। রামপ্রসাদের পদগুলিকে কয়টি পর্যায়ে ভাগ করা যায় এবং কী কী? ২

P.T.O.

৫। ‘শান্তপদাবলী’র দুটি অপ্রধান চরিত্রের নাম লেখো। ২

৬। শান্তপদাবলীর অন্য নাম কী ও কেন সেই নাম? ২

অথবা

শান্ত পদাবলীর উৎস কী? ২

৭। পদাবলী সাহিত্যে ‘মৈথিল কোকিল’ বলতে কাকে বোঝানো হয়? তাঁর অপর দুটি উপাধি কী কী? ২

৮। মহাপ্রভু চণ্ডীদাসের পদ আশ্বাদন করতেন, তার প্রমাণ কীভাবে পাওয়া যায়? ২

বিভাগ - খ

যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

৯। “ভবনই গাহন গন্তীর বেগে বাহী।

দু অস্ত্রে চিখিল মাঝে ন থাহী।।

ধামাথে চাটিল সাক্ষন গঢ়ই।

পার গামিলোঅ নিভর তরই।।”

—পদটি সপ্রসঙ্গ ব্যাখ্যা করো। ৫

১০। “অগর বারিহিরে ডোম্বী তোহোরি কুড়িআ”—পদটির সাধারণ অর্থ বিশ্লেষণ করো। ৫

১১। “বিরতি আহারে রাঙ্গা বাস পরে

যেমতি যোগিনী পারা”

—কার লেখা? কোন পর্যায়ের পদের অংশ? অংশটির তাৎপর্য ব্যাখ্যা করো। ২+৩

১২। “নাম পরতাপে যার ঐছন করল গো

অঙ্গের পরশে কিবা হয়।”

—পদকর্তা কে? কোন পর্যায়ের পদ? উদ্ধৃত অংশটির তাৎপর্য বিশ্লেষণ করো। ৫

১৩। “হেরিয়ে তনয়া মুখ পাসরিলাম সব দুখ,

আজি সে কেমন সুখ হতেছে স্বপন-জ্ঞান।”

—পদটির রচনাকার কে? কোন্ পর্যায়ের পদ? পঙ্ক্তি দুটির বক্তব্য বিশ্লেষণ করো।

১+১+৩

১৪। “ভবের গাছে বেঁধে দিয়ে পাক দিতেছ অবিরত,

তুমি কি দোষে করলে আমায়, ছটা কলুর অনুগত।”

—কার, কোন্ পর্যায়ের পদ? ছটা কলু বলতে কী বোঝানো হয়েছে? কবির অভিযোগের তাৎপর্য ব্যাখ্যা করো।

১+১+৩

বিভাগ - গ

যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

১০×৩=৩০

১৫। শাক্তপদাবলীতে আগমনী-বিজয়ার পদে বাঙালি সমাজ-পরিবার জীবনের যে ছবি ধরা পড়েছে তার পরিচয় দাও।

১০

১৬। পাঠ্য পদগুলি অবলম্বনে চর্যাপদের সাহিত্যমূল্য নির্ণয় করো।

১০

১৭। “মা আমায় ঘুরাবে কত”—শাক্তপদটি কার, কোন্ পর্যায়ের পদ? পদটির তাৎপর্য ব্যাখ্যা করো।

২+৮

১৮। “চণ্ডীদাস আক্ষেপানুরাগের শ্রেষ্ঠ কবি।”—তোমার পঠিত পদ বিশ্লেষণ করে এই বক্তব্যের যৌক্তিকতা বিচার করো।

৫+৫

১৯। অভিসার কাকে বলে? অভিসার পর্যায়ের শ্রেষ্ঠ কবি কে? তোমাদের পঠিত অভিসার পর্যায়ের একটি পদের কাব্যসৌন্দর্য্য বিশ্লেষণ করো।

২+১+৭